



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।



“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের সেবা সমূহঃ

উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ সেলের কাজঃ

- আবেদনপত্র গ্রহণ, নোটিশ জারী ও সালিশের মাধ্যমে নিষ্পত্তি করণ।
- প্রাপ্ত আবেদন উপজেলা কমিটির মাধ্যমে তদন্ত পূর্বক নিষ্পত্তি করণ।
- বাল্য বিবাহ, উঠান বৈঠক, বাল্য বিবাহ বন্ধ করণ।
- যৌতুক বিরোধী প্রচারণা, উঠান বৈঠক এবং প্রয়োজনীয় আইনী পরামর্শ প্রদান।
- নারী পাচার প্রতিরোধ উঠান বৈঠকের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করণ।
- এসডিজি'র ৫ম এবং ১০ম গোল বাস্তবায়নের সাথে সম্পৃক্ত।

মা ও শিশু সহায়তা তহবিল কার্যক্রমঃ

উক্ত কর্মসূচীটি বর্তমান সরকার প্রথম চালু করেন। এই কর্মসূচীর লক্ষ্যঃ  
দুঃস্থি ও অসহায় গর্ভবতী মা ও শিশুর স্বাস্থ্য পরিচর্যার জন্য ও বছর মেয়াদে সরকারি ভাবে আর্থিক সহায়তা  
প্রদান করা। স্বাস্থ্য সচেতনতা এবং আয়োব্ধক কার্যক্রমের জন্য উপকার ভোগীকে প্রশিক্ষণ প্রদান করা।

- প্রতিমাসে ভাতার পরিমাণ মাথাপিছু ৮০০/- টাকা।
- ৩৬ মাস ব্যাপী সুবিধা প্রদান করা হয়।
- আবেদন ইউনিয়ন পরিষদে করতে হয়।
- দরিদ্রতার বিচারে ভাতা প্রদান করা হয়।
- ১ম অর্থবা ২য় গর্ভধারণ।
- প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়।
- এসডিজি'র ৫ম, ৬ষ্ঠ এবং ১০ম গোল বাস্তবায়নের সাথে সম্পৃক্ত।

## মা ও শিশু সহায়তা তহবিল কার্যক্রম :

উক্ত কর্মসূচীটি বর্তমান সরকার প্রথম চালু করেন। দৃঢ় ও অসহায় গর্ভবতী মা ও শিশুর স্বাস্থ্য পরিচর্যার জন্য ও বছর মেয়াদে সরকারি ভাবে আর্থিক সহায়তা প্রদান করা। স্বাস্থ্য সচেতনতা এবং আয়বর্ধক কার্যক্রমের জন্য উপকারভোগীকে প্রশিক্ষণ প্রদান করা।

- প্রতিমাসে ভাতার পরিমাণ মাথাপিছু ৮০০/- টাকা।
- ৩৬ মাস ব্যাপী সুবিধা প্রদান করা হয়।
- পৌরসভায়/ মহিলা বিষয়ক অফিসে আবেদন করতে হয়।
- দরিদ্রতার বিচারে ভাতা প্রদান করা হয়।
- ১ম অথবা ২য় গর্ভধারণ।
- উপকারভোগীকে স্বাস্থ্য পরিচর্যা ও আয়বর্ধক সচেতনতা মূলক কার্যক্রমের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়।
- এসডিজি'র ৩য়, ৬ষ্ঠ এবং ১০ম গোল বাস্তবায়নের সাথে সম্পৃক্ত।

## ভিড়ল্লিউবি কার্যক্রমঃ

ভিড়ল্লিউবি কার্যক্রম বাংলাদেশ সরকারের সর্ববৃহৎ খাদ্য নিরাপত্তা কর্মসূচী। উল্লাপাড়া উপজেলায় ২৫৯৮ জন মহিলাকে মাসিক মাথা পিছু ৩০ কেজি হারে চাউল ২ বছর মেয়াদে বিনামূল্যে বিতরণ করা হয়। সহযোগী এনজিওর মাধ্যমে উপকারভোগীদের সামাজিক সচেতনতা ও আয়বর্ধক কার্যক্রমের উপর বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হয় এবং তাদের নিকট হতে মাসিক ২০০ টাকা হারে সঞ্চয় সংগ্রহ করে মেয়াদ শেষে মুনাফাসহ জমাকৃত টাকা ফেরত প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে উপকারভোগীদের মধ্যে স্বল্প সুদে খাণ বিতরণ করা হয়।

- ২৪ মাস ব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হয়।
- ৩০ কেজি চাল প্রতি মাসে প্রদান করা হয়।
- আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হয়।
- ২২০ টাকা হারে সঞ্চয় উন্নোলন করা হয়।
- চক্র শেষে সুদ সহ সঞ্চয় ফেরত প্রদান করা হয়।
- এসডিজি'র ১ম, ২য়, ৩য়, ৫ম, ৬ষ্ঠ এবং ১০ম গোল বাস্তবায়নের সাথে সম্পৃক্ত।

## প্রশিক্ষণ কার্যক্রম :

দুঃস্থ ও বেকার মহিলাদের আত্মকর্ম নির্ভরশীল করার জন্য প্রশিক্ষণ কর্মসূচী চালু রয়েছে। প্রতি ৩ মাস পর পর মহিলা প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়। প্রশিক্ষণ শেষে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদেরকে সনদপত্র প্রদান করা হয়।

## সেলাই প্রশিক্ষণ :

- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় থেকে আবেদন ফরম সংগ্রহ করতে হয়।
- প্রশিক্ষণার্থীর বয়স ১৮- ৩৫ বছর।
- প্রতি আসনে প্রক্ষিপ্তার্থীর সংখ্যা ৩০ জন।
- প্রশিক্ষণের মেয়াদ ৩ মাস।
- প্রশিক্ষণার্থীদের প্রতি কর্মদিবসে ১০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়।
- প্রশিক্ষণ শেষে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদেরকে সনদপত্র প্রদান করা হয়।
- এসডিজি'র ১ম, ৫ম, এবং ১০ম গোল বাস্তবায়নের সাথে সম্পৃক্ত।

## বিড়িফিকেশন প্রশিক্ষণ :

- প্রশিক্ষণার্থীর বয়স ১৬- ৪৫ বছর।
- প্রতি আসনে প্রশিক্ষণার্থীর সংখ্যা ২৫ জন।
- প্রশিক্ষণের মেয়াদ ৩ মাস।
- প্রশিক্ষণার্থীদের প্রতি কর্মদিবসে ২০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়।
- অনলাইনের মাধ্যমে আবেদন করতে হয়।

## ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ :

- প্রশিক্ষণার্থীর বয়স ১৬- ৪৫ বছর।
- প্রতি আসনে প্রশিক্ষণার্থীর সংখ্যা ২৫ জন।
- প্রশিক্ষণের মেয়াদ ৩ মাস
- প্রশিক্ষণার্থীদের প্রতি কর্মদিবসে ২০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়।
- অনলাইনের মাধ্যমে আবেদন করতে হয়।

- **মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রস্থণ কার্যক্রম :**

গ্রামীণ বেকার ও দুষ্ট মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য সহজ শর্তে ও স্বল্প সুদে ৫,০০০/- টাকা হতে ১৫,০০০/- টাকা পর্যন্ত একবছর ও দুই বছর মেয়াদী মাসিক কিস্তিতে ঋণ প্রদান করা হয়।

- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় থেকে আবেদন ফরম সংগ্রহ করতে হয়।
- ১ থেকে ২ বছর মেয়াদে মাসিক কিস্তিতে ঋণ প্রদান করা হয়।
- সুদ বিহীন, জামানত বিহীন ঋণ প্রদান করা হয়।
- এসডিজি'র ১ম, ৫ম, এবং ১০ম গোল বাস্তবায়নের সাথে সম্পৃক্ত।

#### **কিশোর-কিশোরী ক্লাব :**

- উল্লাপাড়া উপজেলার ১৪টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় ১৫ টি ক্লাব আছে।  
ক্লাব স্থাপনের উদ্দেশ্য সমূহ :

- জেন্ডার সচেতন করা।
- স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা।
- পারিবারিক নির্যাতন বন্ধ করা।
- বাল্য বিয়ে নিরোধ করা।
- পরিবেশ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।
- সাংস্কৃতিক বিষয়ে ধারণা নেয়া।
- ভবিষ্যৎ নেতৃত্ব দানের শিক্ষা লাভ করা।
- এসডিজি'র ৩য়, ৪র্থ, ১৩তম, এবং ১৬তম গোল বাস্তবায়নের সাথে সম্পৃক্ত।

#### **স্বেচ্ছাসেবী নিবন্ধনকৃত মহিলা সমিতির কার্যক্রম :**

মহিলাদের সংগঠিত করে বিভিন্ন প্রশিক্ষণ মূলক কার্যক্রম গ্রহণ, আত্মকর্মসংস্থান সৃষ্টি করণ, সামাজিক নারী উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণের জন্য স্বেচ্ছাসেবী মহিলা সমিতিকে নিবন্ধন প্রদান করা হয় এবং অনুদান প্রদান করা হয়।

- প্রতি বছর সাধারণ এবং বিশেষ অনুদান প্রদান করা হয়।
- সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় প্রচার প্রচারণায় আর্থিক সহায়তা প্রদান করা হয়।
- এসডিজি'র ৫ম, এবং ১০ম গোল বাস্তবায়নের সাথে সম্পৃক্ত।

## জয়িতা অব্বেগে বাংলাদেশ :

২০১৩ সাল থেকে ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস উপলক্ষে নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ পালন করা হয় । এ উপলক্ষে বিশাল মানববন্ধন করা হয় এবং জয়িতাদের সংবর্ধনা দেওয়া হয় । উক্ত কর্মসূচীটি বর্তমান সরকারের রাজস্ব কর্মসূচী এবং যুগোপযোগী কার্যক্রম । ৫টি ক্যাটাগরীতে নারীর প্রতিভা জাহাত করার জন্য সাফল্য অর্জনকারী নারী খুঁজে বের করে তাঁকে সম্মাননায় ভূষিত করা হয় ।

- নির্বাচিত জয়িতাদের সম্মাননায় ভূষিত করা হয় এবং সার্টিফিকেট প্রদান করা হয় ।
- অর্থনেতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী
- শিক্ষা চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী
- নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছেন যে নারী
- সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী

## বিভিন্ন দিবস উদযাপন :

- বঙ্গমাতা শেখ ফজিলাতুর্রেছা মুজিবের জন্মবার্ষিক দিবস
- জাতির জনকের শাহাদাত বার্ষিক দিবস
- বাল্য বিয়ে নিরোধ দিবস
- কন্যা শিশু দিবস
- আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ
- বেগম রোকেয়া দিবস
- মহান বিজয় দিবস
- উন্নয়ন মেলা
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
- আন্তর্জাতিক নারী দিবস
- বঙ্গবন্ধুর জন্ম দিবস উপলক্ষে জাতীয় শিশু দিবস উদযাপন
- মহান স্বাধীনতা দিবস
- নববর্ষ
- মা দিবস